# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪০০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আমরা যা বর্ণনা করলাম, যে ব্যক্তি তা পালন করবে, সে ব্যক্তি শ্রেষ্ঠ মুসলিমদের অন্তর্ভূক্ত হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنْ فَعَلَ مَا وَصَفْنَا كَانَ مِنْ خَيْرِ الْمُسْلِمِينَ

---

আরবী

أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ أَبِي الْخَيْرِ أَنَّهُ سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو يَقُولُ: إِنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْمُسْلِمِينَ خَيْرٌ؟ قَالَ: (مَنْ سَلِمَ الْمُسْلِمُونَ من لسانه ويده.)

الراوي : عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 400 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪০০. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি বলেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, মুসলিমদের মাঝে কোন ব্যক্তি সর্বোত্তম?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যার হাত ও জবান থেকে অন্য মুসলিমরা নিরাপদ থাকে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৪০; মুসনাদ আহমাদ: ২/১৮৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৯/৬৪; সহীহ আল বুখারী: ১১; ইবনু মান্দাহ: ৩০৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩; আত তায়ালিসী: ১৭৭৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২২৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88700

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন